গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৬
সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-আর-৬/৪ডি-১০/২০১৩- ১১০, তারিখ ঃ ০৫-০৪-২০১৬ খ্রিঃ।

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব দাউদ হোসেন শেখ, বর্তমানে সাব-রেজিস্ট্রার, সদর, শরীয়তপুর (সাবেক সাব-রেজিস্ট্রার, মুকসুদপুর, গোপালগঞ্জ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতির' অভিযোগ গঠনপূর্বক বিভাগীয় মামলা নং ১০/২০১৩ রুজু করতঃ কেন তাঁকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না তৎমর্মে ১০(দশ) কার্য দিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নোটিশ জারি করা হয়;

যেহেতু জনাব দাউদ হোসেন শেখ উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে কোনরূপ গ্রহণযোগ্য যুক্তি প্রদর্শন করতে সমর্থ হননি;

যেহেতু, জনাব দাউদ হোসেন শেখ এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং ১০/২০১৩ এর নিয়োগপ্রাপ্ত তদন্তকারী কর্মকর্তা তদন্ত পূর্বক তাঁর বিরুদ্ধে গঠিত 'অসদাচরণ' ও 'দুর্নীতির' অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে জনাব দাউদ হোসেন শেখ এর বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'দুর্নীতির' অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে দোষী সাব্যস্ত করতঃ কেন তাঁকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না তৎমর্মে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, জনাব দাউদ হোসেন শেখ এর দাখিলী ২য় কারণ দর্শানোর লিখিত জবাব পূর্বের জবাবের অনুরূপ এবং মোটেই সন্তোষজনক হয়নি;

যেহেতু, অত্র মন্ত্রণালয়ের অত্র বিভাগ কর্তৃক জনাব দাউদ হোসেন শেখ এর "চাকুরি হতে বাধ্যতামূলক অবসরদান (Compulsory Retirement)" এর গুরুদন্ড আরোপের প্রস্তাবের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন অত্র মন্ত্রণালয়ের গৃহিত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেন;

সেহেতু, জনাব দাউদ হোসেন শেখ, বর্তমানে সাব-রেজিস্ট্রার, সদর, শরীয়তপুর (সাবেক সাব-রেজিস্ট্রার, মুকসুদপুর, গোপালগঞ্জ)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(বি) মোতাবেক "চাকুরি হতে বাধ্যতামূলক অবসরদান (Compulsory Retirement) " প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(আবু সালেহ্ শেখ মোঃ জহিরুল হক)
সচিব।

জনাব দাউদ হোসেন শেখ
সাব-রেজিস্ট্রার, সদর
শরীয়তপুর।

নং-আর-৬/৪ডি-১০/২০১৩- ১১০, তারিখ ঃ ০৫-০৪-২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন পরিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। উপ-পরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৭। জেলা রেজিস্ট্রার, শরীয়তপুর।
৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শরীয়তপুর।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০। অফিস কপি/ গার্ড ফাইল।

০৫/০৪/২০১৬
(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব।